# বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

বাংলাদেশ
বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

**University Grants Commission of Bangladesh**

আগারগাঁও, শেরে বাংলানগর, ঢাকা- ১২০৭।

নথি নং- ৬ (১৫৮) বিমক/ রিসাপা/ ইউজিসি এওয়ার্ড - ২০১৭/৫১৭ তারিখঃ ১৪-০১-২০১৮ইং

## ইউজিসি এওয়ার্ড ২০১৭ এর জন্য দরখাস্ত আহবান

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন প্রতি বছর মৌলিক গবেষণামূলক প্রবন্ধ, পাঠ্যপুস্তক/ গবেষণামূলক বা পর্যালোচনামূলক পুস্তক প্রকাশনার জন্য দেশের বিশ্ববিদ্যালয়সমূহের (পাবলিক ও প্রাইভেট) শিক্ষকদের UGC Award প্রদান করে আসছে। ২০১৭ সালে প্রকাশিত মৌলিক গবেষণা ভিত্তিক প্রবন্ধ এবং স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ের পাঠ্যপুস্তক ও গবেষণামূলক/পর্যালোচনামূলক পুস্তক প্রকাশনার জন্য বিশ্ববিদ্যালয়সমূহের শিক্ষকদের UGC Award প্রদানের লক্ষ্যে নির্ধারিত প্রোফর্মায় আবেদনপত্র আহবান করা যাচ্ছে। আগ্রহী শিক্ষকদেরকে (ইংরেজী ও বাংলায় ১৫০ শব্দের মধ্যে) জীবন বৃত্তান্তসহ প্রবন্ধের জন্য ০৬ (ছয়) কপি এবং পুস্তকের জন্য ০৪ (চার) কপি প্রকাশনা আবেদনপত্রের সাথে জমা দিতে হবে। যদি পুস্তক এবং প্রবন্ধ যৌথ প্রকাশনা হয় সেক্ষেত্রে কেবলমাত্র প্রধান লেখক/প্রধান গবেষকই UGC Award ২০১৭ পাওয়ার যোগ্য হবেন মর্মে সহলেখক/সহগবেষকদের কাছ থেকে সম্মতিপত্র আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে। সকল আবেদনপত্র যথযথ কর্তৃপক্ষের মাধ্যমে ০৫-০৩-২০১৮ ইং তারিখের মধ্যে পরিচালক, রিসার্চ সাপোর্ট এণ্ড পাবলিকেশন ডিভিশন, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, আগারগাঁও, শেরে বাংলানগর, ঢাকা-১২০৭ এ ঠিকানায় পৌঁছাতে হবে।

উল্লেখ্য যে, UGC Award ২০১৭ প্রদানের জন্য কমিশন প্রণীত নীতিমালা, বিজ্ঞপ্তি, সম্মতিপত্র ও আবেদন ফরম ইউজিসি'র ওয়েব সাইট www.ugc.gov.bd থেকে ডাউনলোড করা যাবে।

১৪/০১/২০১৮ইং

(জাফর আহম্মদ জাহাঙ্গীর)
অতিরিক্ত পরিচালক
রিসার্চ সাপোর্ট এন্ড পাবলিকেশন ডিভিশন
বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন
ফোনঃ ৮৮-০২-৯১২৭৪৪৫

বাংলাদেশ
বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

# বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

University Grants Commission of Bangladesh

আগারগাঁও, শেরে বাংলানগর, ঢাকা-১২০৭

## ইউজিসি এওয়ার্ড প্রদান নীতিমালা

১লা জানুয়ারী থেকে ৩১ ডিসেম্বর এর মধ্যে প্রকাশিত মৌলিক ও গবেষণা ভিত্তিক প্রবন্ধ এবং পুস্তকের জন্য প্রতি বছর একবার নিম্নোক্ত বিভাগ/ শাখায় নির্দিষ্ট সংখ্যক ইউজিসি এওয়ার্ড প্রদান করা হবে।

১। পুস্তক বিভাগ :

(ক) যে কোন বিষয়ে স্নাতক/ স্নাতকোত্তর পর্যায়ের পাঠ্যপুস্তকের জন্য ১টি

(খ) যে কোন বিষয়ে উচ্চশিক্ষা সম্পর্কিত গবেষণামূলক/ পর্যালোচনামূলক পুস্তকের জন্য ১টি

২। খ্যাতিসম্পন্ন জার্নালে প্রকাশিত peer reviewed প্রবন্ধের জন্য নিম্নোক্ত বিভিন্ন শাখায় মোট ১৬টি :

(১) কলা ও মানবিক, আইন ও শিক্ষা : ২টি

(২) অর্থনীতি ও সামাজিক বিজ্ঞান : ২টি

(৩) বিজনেস স্টাডিজ : ১টি

(৪) লাইফ সাইন্স / জীববিজ্ঞান : ২টি

(৫) কেমিকেল, বায়োকেমিকেল ও পরিবেশ বিজ্ঞান : ১টি

(৬) বন ও কৃষিবিজ্ঞান : ২টি

(৭) ভৌত বিজ্ঞান : ২টি

(৮) গাণিতিক, পরিসংখ্যান ও কম্পিউটার বিজ্ঞান : ১টি

(৯) প্রকৌশল ও প্রযুক্তি : ১টি

(১০) ক্লিনিক্যাল, ফার্মাসিউটিক্যাল ও মেডিকেল : ২টি

৩। পাবলিক ও প্রাইভেট বিশ্ববিদ্যালয়ের পূর্ণকালীন শিক্ষক এ এওয়ার্ডের জন্য আবেদন করতে পারবেন। তাঁকে অবশ্যই বাংলাদেশী নাগরিক হতে হবে।

৪। বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের নির্ধারিত প্রোফর্মায় আবেদন করতে হবে। অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

৫। পুস্তকের জন্য ৪ কপি এবং প্রবন্ধের জন্য ৬ কপি প্রকাশনা আবেদনপত্রের সাথে জমা দিতে হবে।

৬। শুধুমাত্র বর্ণনা ও জরিপমূলক, অনুবাদ বা সম্পাদনা কর্ম এবং review article (পর্যালোচনামূলক প্রবন্ধ) এ এওয়ার্ডের জন্য বিবেচিত হবে না।

৭। দেশীয় সমস্যা সম্পর্কিত এবং দেশের মধ্যে সম্পাদিত গবেষণাকর্মের প্রকাশনা এই এওয়ার্ডের ক্ষেত্রে অগ্রাধিকার পাবে।

৮। ডিগ্রি অর্জনের জন্য গবেষণা কর্মের ভিত্তিতে রচিত প্রবন্ধ ইউজিসি এওয়ার্ড এর জন্য বিবেচিত হবে না।

৯। যৌথ প্রকাশনার ক্ষেত্রে কেবল মাত্র প্রধান গবেষক Co-author দের সম্মতিসহ আবেদন করতে পারবেন। পুস্তকের ক্ষেত্রে লেখকদের যৌথভাবে আবেদন করতে হবে।

১০। একজন আবেদনকারী একই বিভাগে একের অধিক আবেদন করতে পারবেন না। একের অধিক আবেদন করলে তাঁর সকল আবেদন বাতিল বলে গণ্য হবে। তবে তিনি অন্য বিভাগে আবেদন করতে পারবেন। সেক্ষেত্রে চূড়ান্তভাবে একাধিক বিভাগে এওয়ার্ড পাবেন না।

১১। একজন আবেদনকারী সর্বোচ্চ ২ (দুই) বার ইউজিসি এওয়ার্ড এর জন্য বিবেচিত হতে পারে।

১২। উপদেষ্টা কমিটি আবেদনপত্রসমূহ মূল্যায়নের নিমিত্ত প্রতিটি শাখার জন্য ৩ থেকে ৫ সদস্য বিশিষ্ট উপ-কমিটি গঠন করবেন। উপ-কমিটি প্রয়োজনে অনধিক দু'জন সদস্য কো-অপট করতে পারবেন।

১৩। ইউজিসি এওয়ার্ড Advisory কমিটি কর্তৃক প্রাথমিকভাবে বিবেচিত আবেদনপত্রসমূহ সংশ্লিষ্ট উপ-কমিটিতে প্রেরণ করা হবে। উপ-কমিটির আহবায়কগণ নির্দিষ্ট সময়সীমার মধ্যে ইউজিসি-তে সভা অনুষ্ঠানের ব্যবস্থা গ্রহণ করবেন।

১৪। প্রতিটি উপ-কমিটি নিজ নিজ শাখার জন্য একটি আলাদা মেধা তালিকা প্রণয়ন করে পরবর্তী Advisory কমিটিতে উপস্থাপন করবে। Advisory কমিটি প্রতিটি শাখার বিজয়ী চূড়ান্ত করবেন।

১৫। কোন বছর কোন বিভাগ/শাখায় উপযুক্ত মানের প্রকাশনা পাওয়া না গেলে সে বিভাগ/ শাখায় এওয়ার্ড প্রদান করা হবে না।

১৬। প্রবন্ধের জন্য প্রত্যেক এওয়ার্ড প্রাপ্তকে নগদ ৫০,০০০/-(পঞ্চাশ হাজার) টাকা এবং পুস্তকের জন্য ৭৫,০০০/-(পঁচাত্তর হাজার) টাকা প্রদান করা হবে। তাছাড়াও প্রত্যেক এওয়ার্ড প্রাপ্তকে একটি সার্টিফিকেট এবং একটি সম্মান-সূচক ক্রেস্ট প্রদান করা হবে।

১৭। ইউজিসি এওয়ার্ড প্রদান সংক্রান্ত বিষয়ে উপদেষ্টা কমিটি যে কোন সিদ্ধান্ত নেওয়ার ক্ষমতা সংরক্ষণ করেন।

তারিখঃ ১০-০১-২০১৮ ইং

স্বাক্ষর ঃ অধ্যাপক আবদুল মান্নান

বাংলাদেশ
বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

# বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন
## University Grants Commission of Bangladesh
আগারগাঁও, শেরে বাংলানগর, ঢাকা- ১২০৭।

# সম্মতিপত্র

এই মর্মে আমি সম্মতি প্রদান করছি যে, UGC Award ২০১৭ এর জন্য দাখিলকৃত গবেষণা পুস্তক/প্রবন্ধ বা তার বিষয়বস্তু কোন ডিগ্রি অর্জনের নিমিত্তে ব্যবহৃত থিসিস এর অংশ নয়। প্রবন্ধ ও পুস্তকটি যৌথভাবে প্রকাশিত হলেও সেক্ষেত্রে কেবলমাত্র প্রধান লেখক/প্রধান গবেষকই (Main Author/Researcher) UGC Award ২০১৭ পাওয়ার যোগ্য হবেন।

প্রধান লেখক/প্রধান গবেষক UGC Award ২০১৭ প্রাপ্ত হলে সহলেখক/সহগবেষক হিসেবে প্রধান লেখক/প্রধান গবেষকের উপর আমার কোন আপত্তি নেই; বরং আমি ধন্যবাদের সহিত (UGC Award ২০১৭ পাওয়ার জন্য) সম্মতি প্রদান করছি।

স্বাক্ষর ও তারিখ ঃ

পুরো নাম (বাংলায়) ঃ

ইংরেজিতে ঃ

পদবী ঃ

প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা ঃ

ফোন/মোবাইল নম্বর ঃ

ই-মেইল ঃ

সম্মতি প্রদানকারীর স্বাক্ষর ঃ

তারিখ ঃ

বাংলাদেশ
বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

# বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

# University Grants Commission of Bangladesh

আগারগাঁও, শেরে বাংলানগর, ঢাকা-১২০৭।

ইউজিসি এওয়ার্ডের জন্য আবেদন (প্রয়োজনে অতিরিক্ত শীট ব্যবহার করা যাবে)

| | | | |
|---|---|---|---|
| ১। আবেদনকারীর নাম | বাংলায় | ঃ | |
| | ইংরেজীতে | ঃ | |
| | পদবী | ঃ | |
| | বিভাগ | ঃ | |
| ২। বিশ্ববিদ্যালয়ের নাম | | ঃ | |
| ৩। প্রকাশনার শিরোনাম (প্রবন্ধ/ পুস্তক) | | ঃ | |
| ৪। জার্নালের নাম | | ঃ | |
| ৫। প্রকাশনা সংস্থার নাম ও ঠিকানা ( দেশের নাম উল্লেখ পূর্বক) | | ঃ | |
| ৬। প্রকাশনার ধরন (Online/Print) | | ঃ | |
| ৭। প্রকাশনার তারিখ | | ঃ | |
| ৮। Impact factor (যদি থাকে) | | ঃ | |
| ৯। ভলিয়্যিউম নম্বর / ইস্যু নম্বর/ আই এস বি এন নাম্বার (যদি থাকে) | | ঃ | |
| ১০। যৌথ প্রকাশনার ক্ষেত্রে অন্যান্য লেখকের নাম (প্রত্যেকের সম্মতিপত্র সংযুক্ত করতে হবে) | | ঃ | |
| ১১। যদি প্রবন্ধ হয় তাহলে নিম্নের কোন শাখায় এওয়ার্ডের জন্য বিবেচিত হবে ( যে কোন একটিতে টিক চিহ্ন দিন) | | ঃ | কলা ও মানবিক, আইন ও শিক্ষা / অর্থনীতি ও সামাজিক বিজ্ঞান/ বিজনেস স্টাডিজ/ লাইফ সাইন্স বা জীববিজ্ঞান/ কেমিকেল, বায়োকেমিকেল ও পরিবেশ বিজ্ঞান/ বন ও কৃষি বিজ্ঞান/ ভৌত বিজ্ঞান/ গাণিতিক, পরিসংখ্যান ও কম্পিউটার বিজ্ঞান/ প্রকৌশল ও প্রযুক্তি/ ক্লিনিক্যাল, ফার্মাসিউটিক্যাল ও মেডিকেল/ |
| ১২। যদি প্রকাশনাটি পুস্তক হয় তাহলে কোন শাখায় বিবেচিত হবে। (যে কোন একটিতে টিক চিহ্ন দিন)। | | ঃ | *টেক্সট/ গবেষণামূলক বা পযালোচনামূলক প্রবন্ধ* |
| ১৩। যে প্রতিষ্ঠানে গবেষণা কর্ম সম্পাদিত হয়েছে তার নাম ও ঠিকানা | | ঃ | |
| ১৪। আপনি ইতিপূর্বে ইউজিসি এওয়ার্ড পেয়ে থাকলে কোন সালে কোন শাখার জন্য | | ঃ | |
| ১৫। জীবন বৃত্তান্ত ইংরেজী ও বাংলায় ১৫০ শব্দের মধ্যে (প্রয়োজন হলে আলাদা পৃষ্ঠায় সংযুক্ত করুন)। | | ঃ | |
| ১৬। ঘোষণা: আমি এই মর্মে ঘোষণা করছি যে UGC Award ২০১৭ এর জন্য দাখিলকৃত গবেষণা প্রবন্ধ/পুস্তকটি বা তার বিষয়বস্তু কোন ডিগ্রী অর্জনের জন্য ব্যবহৃত থিসিস এর অংশ নয়। | | ঃ | |

আবেদনকারীর স্বাক্ষর ঃ

মোবাইল নম্বর ঃ

ই-মেইল ঃ